

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬৮

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ২৩. জীবিত ব্যক্তির পক্ষ হতে (বদলী) হজ্জ করা প্রসঙ্গে

بَابِ فِي الْحَجِّ عَنْ الْحَيِّ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ الرَّقَاشِيُّ حَدَّثَنَا وُهَيْبُ عَنْ مَعْمَرٍ عَنْ الزُّهْرِيِّ عَنْ سُلَيْمَانَ بُنِ يَسَارٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ كَانَ رَدِيفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ بُنِ يَسَارٍ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّهُ كَانَ رَدِيفَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَجَّةِ الْوَدَاعِ جَاءَتْ امْرَأَةٌ مِنْ خَتْعَمَ فَقَالَتْ إِنَّ فَرِيضَةَ اللَّهِ فِي الْحَجِّ عَلَى وَسَلَّمَ فِي حَجَّةِ الْوَدَاعِ جَاءَتْ امْرَأَةٌ مِنْ خَتْعَمَ فَقَالَتْ إِنَّ فَرِيضَةَ اللَّهِ فِي الْحَجِّ عَلَى عَبَادِهِ أَدْرَكَتْ أَبِي شَيْخًا كَبِيرًا لَا يَسْتَمْسِكُ عَلَى رَاحِلَتِهِ وَلَمْ يَحُجَّ أَفَأَحُجُ عَنْهُ قَالَ نَعَمْ سُئِلَ أَبُو مُحَمَّد تَقُولُ بِهَذَا قَالَ نَعَمْ

বাংলা

১৮৬৮. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে তার ভাই আল-ফাদল রাদ্বিয়াল্লাহু আনহু-র সূত্রে বর্ণিত। তিনি বিদা'ঈ হাজ্জের সফরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সওয়ারীতে তাঁর পিছনে উপবিষ্ট ছিলেন। তখন খাছআম গোত্রের এক মহিলা তাঁর নিকট এসে বললো, হে আল্লাহর রাসূল! বান্দাদের উপর আল্লাহর ধার্যকৃত হজ্জ আমার পিতার উপরও তার বৃদ্ধ বয়সে ফরয হয়েছে। কিন্তু তিনি বাহনের পিঠে চেপে বসতেই পারেননা। ফলে তিনি হাজ্জ করতে পারেন নি। এমতাবস্থায়, আমি কি তার পক্ষ থেকে হাজ্জ করবো? তিনিবলেনঃ হাঁ।[1]

আবূ মুহাম্মদকে জিজ্ঞেস করা হলো, আপনার মতও কি তাই? তিনি বললেন: হাঁ।

ফুটনোট

[1] তাহক্বীক্ক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, হাজ্জ, ১৫১৩; মুসলিম, হাজ্জ১৩৩৪;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৩৫১, ২৩৮৪; সহীহ ইবনু হিব্বান নং ৩৯৮৯, ৩৯৯৫,



৩৯৯৬ ও মুসনাদুল হুমাইদী নং ৫১৭তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ফাযল ইবনু 'আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন